# 204991 - তামাত্তু হজ্জকারীর উপর কয়টি তাওয়াফ ও কয়টি সাঈ ওয়াজিব?

প্রশ্ন

তামাত্তু হজ্জকারীর উপর কি হজ্জের জন্য তাওয়াফ ও সাঈ আছে? নাকি উমরার তাওয়াফ ও সাঈ তার জন্য যথেষ্ট?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

তামাত্তু হজ্জকারীর উপর দুটো তাওয়াফ ও দুটো সাঈ আবশ্যক: উমরার একটি তাওয়াফ ও একটি সাঈ। হজ্জের জন্য একটি তাওয়াফ ও একটি সাঈ। এটাই জমহুর (অধিকাংশ) আলেমের মাযহাব। তাদের মধ্যে রয়েছেন: ইমাম মালেক, ইমাম শাফেয়ি, ইমাম আহমাদ (তার থেকে বর্ণিত বিশুদ্ধ রেওয়ায়েত অনুযায়ী)। ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত তাঁকে হজ্জে তামাত্তু সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন: "মুহাজির, আনসার ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পত্নীগণ সকলে বিদায় হজ্জের ইহরাম বাঁধলেন। আমরাও ইহরাম বাঁধলাম। যখন আমরা মক্কায় পৌঁছলাম তখন রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: তোমরা তোমাদের হজ্জের ইহরামকে উমরাতে পরিণত কর; যে ব্যক্তি হাদিকে (কোরবানীর পশুকে) মালা পরিয়েছে সে ছাড়া। তখন আমরা বায়তুল্লাহ্‌ তাওয়াফ করলাম, সাফা-মারওয়াতে সাঈ করলাম। স্ত্রী সহবাস করলাম, নিজেদের (সাধারণ) পোশাক পরলাম। তিনি বললেন: যে ব্যক্তি হাদিকে মালা পরিয়েছে তার জন্য হাদি জবাই করার স্থানে পৌঁছার আগে হালাল হওয়া বৈধ হবে না। তারবিয়ার দিন আমাদেরকে হজ্জের ইহরাম বাঁধার নির্দেশ দেওয়া হল। যখন আমরা হজ্জের কার্যাবলী সমাপ্ত করলাম তখন বায়তুল্লাহ্‌তে এসে তাওয়াফ করলাম, সাফা-মারওয়াতে সাঈ করলাম। এভাবে আমাদের হজ্জ সম্পন্ন হল এবং আমাদের উপর হাদি (কোরবানী দেওয়া) ওয়াজিব।"[এটি ইমাম বুখারী কিতাবুল হাজ্জ; আল্লাহ্‌র বাণী: এটি তাদের জন্য যাদের পরিবার মসজিদে হারামের বাসিন্দা নয় শীর্ষক পরিচ্ছেদে।

শাইখ শানক্বিতি বলেন:

"সহিহ বুখারীতে সাব্যস্ত এ হাদিসটিতে স্পষ্ট প্রমাণ রয়েছে যে, যারা তামাত্তু হজ্জ করেছেন, উমরা থেকে হালাল হয়েছেন: তারা তাদের উমরার জন্য তাওয়াফ-সাঈ করেছেন এবং তাদের হজ্জের জন্য আরো একবার তাওয়াফ-সাঈ করেছেন। মতভেদস্থলে এ হাদিসটি সুস্পষ্ট দলিল।"[আযওয়াউল বায়ান (৫/১৭৮)]

তিনি আরও বলেন:

"ইতপিূর্বে আমরা যা উল্লখে করছেি তা থকেে প্রতীয়মান হয় য:ে তামাত্তু হজ্জকারী আরাফাতে অবস্থান করার পর তার হজ্জরে জন্য সাঈ করবনে, তাওয়াফ করবনে; তনিি উমরার জন্য কৃত তাওয়াফ ও সাঈকে যথষ্টে মনে করবনে না— এই মর্ম নর্িদশেক ইবনে আব্বাস (রাঃ) এর পূর্বোক্ত হাদসিটি যে কোন ববিচেনায় মতভদেরে পয়ন্টেে একটি সুস্পষ্ট সহহি দললি।"[আযওয়াউল বায়ান (৫/১৮২)]

আয়শো (রাঃ) থকেে বর্ণতি তনিি বলনে: "যারা উমরার ইহরাম বধেঁছেলিনে তারা তাওয়াফ করে হালাল হয়ে গছেনে। এরপর তারা মীনা থকেে ফরেত আসার পর অন্য একটি তাওয়াফ করছেনে। পক্ষান্তরে যারা হজ্জ ও উমরা একত্রতি করে পালন করছেনে: তারা শুধু একটি তাওয়াফ করছেনে।"[সহহি বুখারী (১৫৫৭) ও সহহি মুসলমি (১২১১)]

শাইখ শানক্বতিী বলনে:

"এটি সর্বসম্মত একটি পরস্কিার দললি; যা ক্বরিান হজ্জ আদায়কারী ও তামাত্তু হজ্জ আদায়কারীর মধ্যে পার্থক্য থাকার প্রমাণ নর্িদশে করছ:ে ক্বরিান হজ্জ আদায়কারীর আমল ইফরাদ হজ্জ আদায়কারীর মত। আর তামাত্তু হজ্জ আদায়কারী তার উমরার জন্য তাওয়াফ করবনে, হজ্জরে জন্যও তাওয়াফ করবনে। এই হাদসিরে পর এ মাসয়ালায় মতভদেরে কোন সুযোগ নাই। ইবনে আব্বাস (রাঃ) এর পূর্বোক্ত হাদসিটি সহহি বুখারীতে রয়ছে।

যারা বলনে: আয়শো (রাঃ) এর হাদসিে 'একটি তাওয়াফ' দ্বারা উদ্দশ্যে হচ্ছ- এক সাঈ তাদরে এমন অভমিতরে সুযোগ আছ।ে ইবনুল কাইয়্যমে এ অভমিতকে গ্রহণ করছেনে এবং আমার কাছওে এটি মজবুত অভমিত।

এ দললিগুলো ক্বরিান হজ্জ ও তামাত্তু হজ্জরে মধ্যে পার্থক্য থাকার অভমিতটি সঠকি হওয়ার পক্ষে প্রমাণ বহন করছ।ে এটাই জমহুর আলমেরে অভমিত। ইনশা আল্লাহ্ এ মতটহিি সঠকি।"[আযওয়াউল বায়ান (৫/১৮৫)]

স্থায়ী কমটিরি আলমেগণ বলনে:

"তামাত্তু হজ্জকারীর উপর দুইটি সাঈ আবশ্যক: উমরার সাঈ ও হজ্জরে সাঈ।"

শাইখ আব্দুল আযযি বনি বায, শাইখ আব্দুর রাজ্জাক আফফিি, শাইখ আব্দুল্লাহ্ বনি গাদইয়ান।

[ফাতাওয়াল লাজনাদ দায়মিা ললি বুহুছলি ইলময়্যিা ওয়াল ইফতা (১১/২৫৮)]

এই অভমিতকে অগ্রগণ্যতা দয়িছেনে শাইখ মুহাম্মদ বনি ইব্রাহমি; যমেনটি রয়ছেে তাঁর ফতোয়াসমগ্রে (৬/৬৫) এবং শাইখ উছাইমীন; যমেনটি রয়ছেে তাঁর রচতি "আশ-শারহুল মুমতি গ্রন্থে (৭/৩৭৪); সখোনে তাঁর ভাষ্য হচ্ছ:ে

"তামাত্তু হজ্জকারী: যনিি হজ্জরে মাসসমূহে উমরার ইহরাম বধেঁছেনে, এরপর উমরা থকেে হালাল হয়ে গছেনে; একই বছর

হজ্জরে ইহরাম বেঁধেছেনে। তার উপর সাধারণ সাঈ আবশ্যক। অর্থাৎ যহেতেু তার উপর দুটো তাওয়াফ ও দুটো সাঈ আবশ্যক: উমরার জন্য একটি তাওয়াফ ও হজ্জরে জন্য একটি তাওয়াফ। উমরার জন্য একটি সাঈ ও হজ্জরে জন্য একটি সাঈ।"

আল্লাহ্ই সর্বজ্ঞ।